

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৪২০

মুসনাদে উসমান বিন আফফান (রাঃ) [উসমানের বর্ণিত হাদীস] (مسند عثمان بن عفان)

আরবী

حدَّثَنَا أَبُو قَطَنِ، حَدَّثَنَا يُونُسُ _ يَعْنِي ابْنَ أَبِي إِسْحَاقَ _ عَنْ أَبِيهِ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، قَالَ: أَشْرُفَ عُثْمَانُ مِنَ الْقَصْرِ، وَهُوَ مَحْصُورٌ، فَقَالَ: أَنْشُدُ بِاللهِ مَنْ شَهِدَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ حِرَاءٍ إِذِ اهْتَزَّ الْجَبَلُ فَرَكَلَهُ بِقَدَمِهِ، ثُمَّ قَالَ: " سَكُنْ حِرَاءُ، لَيْسَ عَلَيْكَ إِلَّا نَبِيِّ أَوْ صِدِيقٌ أَوْ شَهِيدٌ " وَأَنَا مَعَهُ؟ فَانْتَشَدَ لَهُ رِجَالٌ. قَالَ: المُشْرِكِينَ، إِلَى أَهْلِ مَكَّةَ، قَالَ: " هَذِهِ يَدِي، وَهَذِهِ يَدُ عُثْمَانَ " فَبَايَعَ لِي؟ فَانْتَشَدَ لَهُ الْمُشْرِكِينَ، إِلَى أَهْلِ مَكَّةَ، قَالَ: " هَذِهِ يَدِي، وَهَذِهِ يَدُ عُثْمَانَ " فَبَايَعَ لِي؟ فَانْتَشَدَ لَهُ رِجَالٌ. قَالَ: " مَنْ شَهِدَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " مَنْ يُوسِّعُ لَنَا رَجَالٌ. قَالَ: " مَنْ يُوسِّعُ لَنَا الْمُشْرِكِينَ، إِلَى أَهْلِ مَنْ شَهِدَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " مَنْ يُوسِّعُ لَنَا رَجَالٌ. قَالَ: قَالَ: قَالَ: وَأَنْشُدُ بِاللهِ مَنْ شَهِدَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " مَنْ يُوسِّعُ لَنَا الْمُسْجِدِ بِيَيْت فِي الْمَسْجِدِ بِيَيْت فِي الْجَنَّةِ؟ " فَابْتَعْتُهُ مِنْ مَالِي فَوَسَّعْتُ بِهِ الْمَسْجِدِ عَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " مَنْ يُوسِّعُ لَنَا الْبُيْتِ فِي الْمُسْجِدِ بِيَيْت فِي الْجَنَّةِ؟ " فَابْتَعْتُهُ مِنْ مَالِي فَوَسَلَّمَ قَالَ: " مَنْ يُنْوقُ الْيُومْ مَنْ شَهِدَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمُ وَلَا الْمَسْجِدِ بَيْفُقُ الْيُومْ مَنْ شَهِدَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْ مَالِي؟ وَاللّهُ مَنْ شَهِدَ رُومَةَ يُبَاعُ مَاقُهَا ابْنَ السَّبِيلِ، فَالْتَعْمَلُ مَنْ شَهِدَ رُومَةَ يُبَاعُ مَاقُهَا ابْنَ السَّبِيلِ، فَالْبَعْتُهُا مِنْ مَالِي مَالِي، فَالْبَعْتُهُ الْمُ اللهُ عَلَيْهُ إِنْ السَّبِيلِ؛ قَالَ: فَالْتَشَدَدُ لَهُ رِجَالٌ اللهُ عَلَيْهُ الْمُن السَّبِيلِ، فَالْتَعْمَدُ لَهُ وَجَالٌ

حديث صحيح، رجاله ثقات رجال الشيخين. أبو قطن: اسمه عمرو بن الهيثم بن قطن وأخرجه الدارقطني 4 / 198 من طريق أحمد بن حنبل، بهذا الإسناد وأخرجه ابن أبي عاصم (1309) ، والنسائي 6 / 236، والدارقطني 4 / 198 من طريق عيسى بن يونس بن أبي إسحاق، عن أبيه، به وأخرجه الدارقطني 4 / 198 من طريق إسرائيل، عن أبي إسحاق، به وقد خالف يونس وإسرائيل فيه زيد بن أبي أنيسة وشعبة وعبد الكبير بن دينار، فرووه عن أبي إسحاق، عن أبي عبد الرحمن السلمى، عن عثمان



বাংলা

৪২০। আবু সালামা বিন আবদুর রহমান বলেন, উসমান (রাঃ) যখন অবরুদ্ধ, তখন প্রাসাদ থেকে নিচের দিকে তাকালেন। তারপর বললেন, আমি আল্লাহর কসম দিয়ে জিজ্ঞেস করি, হেরার দিনরাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে কে ছিল, যখন পাহাড় কেঁপে উঠলো? তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে পা দিয়ে লাথি মারলেন, তারপর বললেন, থামো হেরা, তোমার ওপরে একজন নবী, একজন সিদ্দিক ও একজন শহীদ ছাড়া আর কেউ নেই। তখন আমি তার সাথেই ছিলাম। উসমানের এ কথায় অনেকেই কসম খেয়ে সমর্থন জানালো।

উসমান (রাঃ) বললেন, আমি আল্লাহর কসম দিয়ে জিজ্ঞাসা করছি, বাইয়াতুর রিদওয়ানের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের সাথে কে ছিল? যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাকে মক্কার মুশরিকদের নিকট পাঠালেন। তিনি বললেন, এটা আমার হাত, আর এটা উসমানের হাত। এভাবে আমার জন্য বাইয়াত নিলেন। এ কথার পক্ষেও সমবেত লোকদের অনেকে সায় দিল। উসমান (রাঃ) বললেন, সেই সময়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের সাথে কে ছিল যখন তিনি বললেন, এই বাড়িটি কিনে দিয়ে কে মসজিদে নববীর সম্প্রসারণ করিয়ে দেবে? এর বিনিময়ে সে জান্নাতে একটা বাড়ি পাবে। তখন আমি নিজের টাকা দিয়ে বাড়িটি কিনে দিলাম এবং তা দ্বারা মসজিদের সম্প্রসারণ করলাম। অনেকেই তার এ কথার পক্ষে সাক্ষ্য দিল।

উসমান (রাঃ) পুনরায় বললেন, মুসিবতের বাহিনীর দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে কে ছিল? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আজকে কে এমন দান করবে, যা আল্লাহর নিকট কবুল হয়ে গেছে? আমি তৎক্ষণাত অর্ধেক বাহিনীকে নিজের টাকায় যাবতীয় প্রয়োজনীয় সাজসরঞ্জাম দিয়ে সজ্জিত করলাম। আমি আল্লাহর কসম দিয়ে জিজ্ঞাসা করছি সেই জলাশয়টির কাছে কে ছিল, যার পানি পথিকের নিকট বিক্রি করা হতো? আমি নিজের টাকা দিয়ে সেটি কিনে দিয়েছি। এভাবে মুসাফিরের জন্য সেই জলাশয়কে অবাধ করে দিয়েছি। (যার ফলে এখন সে জলাশয় থেকে বিনা মূল্যে পানি পাওয়া যায়) এ সময়ও বহু লোক তাঁর পক্ষে সাক্ষ্য দিল।

[নাসায়ী-২৩৬/৬, মুসনাদে আহমাদ-৫১১, ৫৫৫]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন